মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হলো।
22/6/2022

মাহফুজা ইয়াছমিন (৩১৬৮৬২)
সহকারী পরিচালক (প্রশাসন)
বিসিএস (সাধারণ শিক্ষা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd

নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯
০৮ জুন ২০২২

**অফিস আদেশ**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন শাখা থেকে ই-নথি/হার্ডকপিতে অনুমোদিত/ইস্যুকৃত চিঠিপত্রের অবিকল/মূলকপি অধিদপ্তরের ওয়েবসাইটে যথাযথভাবে আপলোড করা হয়না। অবিকল/মূল চিঠিপত্রের পরিবর্তে পেনড্রাইভের মাধ্যমে পিডিএফ কপি ওয়েবসাইটে আপলোড করা হয়। এর ফলে অনুমোদিত/ইস্যুকৃত মূল চিঠিপত্র Edit/পরিবর্তন করার ঝুঁকি থেকে যায়। এখন থেকে অধিদপ্তরের বিভিন্ন শাখা হতে ই-নথি/হার্ডকপিতে অনুমোদিত/ইস্যুকৃত যে সব চিঠিপত্র ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন সে সকল চিঠিপত্রের অবিকল/মূলকপি শাখার ডেস্ক অফিসার **উপপরিচালক(প্রশাসন)/সহকারী পরিচালক(প্রশাসন/দাখিল ও এবতেদায়ী)/সহকারী প্রোগ্রামার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার** নিকট প্রেরণ করবেন। **উপপরিচালক(প্রশাসন)/সহকারী পরিচালক(প্রশাসন/দাখিল ও এবতেদায়ী)/সহকারী প্রোগ্রামার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** অনুমোদিত/ইস্যুকৃত চিঠিপত্রের অবিকল/মূলকপির উপরে **"মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হলো"** লিখে তারিখসহ স্বাক্ষর প্রদানপূর্বক স্ক্যান করে ওয়েবসাইটে আপলোড করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

৮-৬-২০২২
মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক
ফোন: ০২-৪১০৩০১৬৮

নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.২/১(৫)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯
০৮ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে:

১) পরিচালক (প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
২) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ/প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৪) সহকারী পরিচালক (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৮-৬-২০২২
মাহফুজা ইয়াছমিন